প্রথম আলো

স্টাইল

# তাসনিয়া ফারিণের বিয়ের শাড়ি তৈরি হয়েছে এক বছর ধরে

বিপাশা রায়

By using this site, you agree to our Privacy Policy. OK



By using this site, you agree to our Privacy Policy.




তাসনিয়া ফারিণের বিয়ের জামদানিটি তৈরি হতে সময় লেগেছে এক বছর *ছবি : জাহিদ খান ব্রাইডাল মেকওভারের সৌজন্যে*

আজ বিকেলে ফেসবুকে বিয়ের ঘোষণা দিলেন অভিনেত্রী তাসনিয়া ফারিণ। ফেসবুক পোস্টের ছবিতে বিয়ের সাজে তাসনিয়া ফারিণকে লাল রঙের জামদানি শাড়ি পরতে দেখা যায়। শাড়িটি তৈরি করেছে নব ঢাকা।

By using this site, you agree to our Privacy Policy.

By using this site, you agree to our Privacy Policy.

দেশীয় সাজ পোশাকে সেজেছেন তাসনিয়া ফারিণ *ছবি : জাহিদ খান ব্রাইডাল মেকওভারের সৌজন্যে*

জাহিদ খান ব্রাইডাল মেকওভারের স্বত্বাধিকারী জাহিদ খান জানালেন, তাসনিয়া ফারিণের এই জামদানি শাড়ি তৈরিতে সময় লেগেছে প্রায় এক বছর। দেশীয় জামদানি আর সোনার গয়নায় ফারিণকে বিয়ের সাজে বেশ স্নিগ্ধ দেখাচ্ছিল। আর এই পুরো সাজের দায়িত্ব বর্তেছিল জাহিদ খানের ওপর। আক্‌দের দিন কীভাবে তাঁকে পারফেক্ট লুক দেওয়া যায়, তা নিয়ে আলোচনা করতে বেশ কয়েক দিন একসঙ্গে বসেছিলেন তাসনিয়া ফারিণ ও জাহিদ খান।

By using this site, you agree to our Privacy Policy.

বর শেখ রেজওয়ানের সঙ্গে তাসনিয়া ফারিণ *ছবি : জাহিদ খান ব্রাইডাল মেকওভারের সৌজন্যে*

By using this site, you agree to our Privacy Policy.

জাহিদ খান জানালেন, ‘খুব বেশি জমকালো সাজে তাসনিয়া ফারিণকে একেবারেই মানায় না। অনেকবার শুটে তাঁকে জমকালো মেকআপে সাজাতে গিয়ে এই অভিজ্ঞতা আমার হয়েছে। তার চেয়ে বরং মিনিমাল মেকআপেই ফারিণ হয়ে ওঠেন আরও স্নিগ্ধ সুন্দর। ফারিণের সঙ্গে বিষয়টি শেয়ার করলে দেখা যায়, তিনি নিজেও ছিমছাম মেকআপ পছন্দ করেন।’

By using this site, you agree to our Privacy Policy.

By using this site, you agree to our Privacy Policy.

আকদের মঞ্চে তাসনিয়া ফারিণ *ছবি : জাহিদ খান ব্রাইডাল মেকওভারের সৌজন্যে*

বিয়েতেও তাই ফারিণকে দেখা গেল, হালকা মেকআপেই সেজেছেন তিনি। ফারিণের কনে সাজে চোখে কাজলের ব্যবহার করা হয়েছে। ঠোঁটে ছিল ন্যুড লিপস্টিক। বিয়েতে তাসনিয়া ফারিণ পরেছিলেন আমিসের সোনার গয়না। খোলা চুলে জামদানির ওড়না আর ব্লাউজে একেবারেই দেশীয় সাজে মিষ্টি কনে সেজে ওঠেন ফারিণ।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.